# বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনসমূহের সর্বশেষ পরিস্থিতি

**(২১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ /০৬ অক্টোবর, ২০২৪ খ্রিঃ সকাল ১২.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:**

| বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | গতকাল সকাল ৯.০০ টায় পানি সমতল (মিটার) | আজকে সকাল ৯.০০ টায় পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ভুগাই | নাকুয়াগাঁও | শেরপুর | ২১.৯৫ | ২১.৯৬ | ২২.০০ | +০৪ | +০৫ |
| নীল জিঞ্জিরাম | গোয়ালকান্দা | জামালপুর | ১৯.১৫ | ১৯.৪০ | ১৯.৭৩ | +৩৩ | +৫৮ |

- **বিগত ২৪ ঘণ্টায় উল্লেখযোগ্য হ্রাস/বৃদ্ধি (সেমি.):**
  লরেরঘর (যদুকাটা নদী, সুনামগঞ্জ) +১৭৯, জারিয়াজঞ্জাইল (ভুগাই-কংস নদী, নেত্রকোণা) +৭৫, সারিঘাট (সারিগোয়াইন নদী, সিলেট) +৫৮, জামালপুর (পুরাতন ব্রহ্মপুত্র নদী) +৫১, দুর্গাপুর (সোমেশ্বরী নদী, নেত্রকোণা) +৩৪, ময়মনসিংহ (পুরাতন ব্রহ্মপুত্র নদী) +১১, নাকুয়াগাও (ভুগাই নদী, শেরপুর) +4 ।

- **বিগত ২৪ ঘণ্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):**
  চেরাপুঞ্জি (মেঘালয়) ৬২.০ এবং শীলং (মেঘালয়) ৫০.০।

- **বিগত ২৪ ঘণ্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):**
  জারিয়াজাঞ্জাইল (নেত্রকোনা) ৩০৮.০, দূর্গাপুর (নেত্রকোনা) ২৩০.০, মহেশখোলা (সুনামগঞ্জ) ২১৮.০, কুড়িগ্রাম ১৯৪.০, কাউনিয়া (রংপুর) ১৭৮.০, নোয়াখালী ১৫৭.০, যশোর ৭৩.০, কুমিল্লা ৭১.০, পাটেশ্বরী (কুড়িগ্রাম) ৬৩.০.০, শেরপুর-সিলেট (সিলেট) ৫৬.০, চিলমারী (কুড়িগ্রাম) ৪১.০. এবং সিরাজগঞ্জ ৪১.০।

- **ময়মনসিংহ বিভাগের কংস, জিঞ্জিরাম, সোমেশ্বরী ও পুরাতন ব্রহ্মপুত্র নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,** অপরদিকে ভুগাই নদীর পানি সমতল স্থিতিশীল রয়েছে। **বর্তমানে শেরপুর জেলার ভুগাই নদী, নাকুয়াগাঁও এবং জামালপুর জেলার জিঞ্জিরাম নদী গোয়ালকান্দা পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।** আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন ময়মনসিংহ বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম রয়েছে। এর প্রেক্ষিতে, **আগামী ২৪ ঘন্টা পর্যন্ত ভুগাই** নদীর পানি সমতল ধীর গতিতে হ্রাস পেতে পারে এবং শেরপুর এবং ময়মনসিংহ জেলার ভুগাই নদী সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে, তবে **জামালপুর জেলার জিঞ্জিরাম নদী সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে। অপরদিকে, আগামী ২৪ ঘন্টায় নেত্রকোণা জেলার কংস নদ ও সোমেশ্বরী নদীর পানি সমতল বিপদসীমা অতিক্রম করে সংশ্লিষ্ট কতিপয় নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।** পরবর্তি ০২ দিনে কংস, জিঞ্জিরাম, সোমেশ্বরী ও পুরাতন ব্রহ্মপুত্র নদী সমূহের পানি সমতল হ্রাস পেয়ে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে এবং জেলাসমূহের নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

- **সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে** এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম রয়েছে, যার প্রেক্ষিতে **আগামী ০২ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।** পরবর্তী ০১ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।

- **সিলেট বিভাগের অন্যান্য প্রধান নদীসমূহ— সারিগোয়াইন, যাদুকাটা, ধলাই ও খোয়াই নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,** অপরদিকে মনু নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং **বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।** আগামী ০৩ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ২৪ ঘন্টা পর্যন্ত সারিগোয়াইন, ধলাই ও মনু-খোয়াই নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং পরবতি ০২ দিন হ্রাস পেতে পারে। তবে, **আগামী ২৪ ঘন্টায় যাদুকাটা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে বিপদসীমা অতিক্রম করতে পারে এবং সুনামগঞ্জ জেলার সংশ্লিষ্ট কতিপয় নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।** পরবর্তি ০২ দিনে যাদুকাটা নদীর পানি সমতল হ্রাস পেয়ে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

*অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য*

- **রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৫ দিন পর্যন্ত নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।**

- **চট্টগ্রাম বিভাগের গোমতী নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,** অপরদিকে মুহুরী, ফেনী, হালদা, সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং **বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।** আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন চট্টগ্রাম বিভাগের এই সকল নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী, বাংলাদেশ ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকার বিরাজমান লঘুচাপটি বর্তমানে গুরুত্বহীন হয়েছে। এর প্রেক্ষিতে আগামী ০২ দিন পর্যন্ত অমাবশ্যার কারণে বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক চেয়ে কিছুটা বেশী জোয়ার এবং উপকূলীয় অঞ্চলের কিছু স্থানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) কম প্রবণতা পরিলক্ষিত হতে পারে।

- রাজশাহী বিভাগের গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল রয়েছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০২ দিন গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, এবং পরবর্তী ০৩ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

- রংপুর বিভাগের তিস্তা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে **ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।** আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তি ০২ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

- ঢাকা জেলা এবং এর নিকটবর্তী প্রধান নদীসমূহ- বুড়িগঙ্গা, টঙ্গী খাল, তুরাগ ও বালু নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত ঢাকা বিভাগে অতিভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ০১ দিন পর্যন্ত এসকল নদীসমূহের পানি সমতল স্থিতিশীল এবং পরবর্তি ০২ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

*বন্যা সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন:*
*০১৫৫২-৩৫৩৪৩৩, ০১৫৫৯-৭২৮১৫৮, ০১৭৬৫-৪০৫৫৭৬, ০১৬৭৪-৩৫৬২০৮*

(সরদার উদয় রায়হান)
নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, পানি ভবন, ঢাকা